# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৭৬

পর্ব-১: ঈমান (বিশ্বাস) (كتاب الإيمان)

পরিচ্ছেদঃ ২. তৃতীয় অনুচ্ছেদ - সন্দেহ-সংশয়, কুমন্ত্রণা

আরবী

عَن أنس بن مَالك يَقُول قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: «لَنْ يَبْرَحَ النَّاسُ يَتَسَاءَلُونَ حَتَّى يَقُولُوا هَذَا الله خَالق كل شَيْء فَمن خلق الله» . رَوَاهُ الْبُخَارِيُّ. وَلِمُسْلِمٍ: قَالَ: قَالَ اللَّهُ عَزَّ وَجل: إِن أمتك لَا يزالون يَقُولُونَ: مَا كَذَا؟ مَا كَذَا؟ حَتَّى يَقُولُوا: هَذَا اللَّهُ خَلَقَ الْخَلْقَ فَمَنْ خَلَقَ اللَّهَ عَزَّ وَجل؟

বাংলা

৭৬-[১৪] আনাস (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ মানুষ পরস্পরে সর্বদা প্রশ্ন করতে থাকবে, এমনকি একসময় এ প্রশ্নও করবে যে, যখন প্রত্যেক জিনিসকে আল্লাহ সৃষ্টি করেছেন তবে মহান আল্লাহ রববুল ’আলামীনকে সৃষ্টি করলো কে? বুখারী[1]

আর মুসলিম-এর বর্ণনায় আছে, তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) বলেন, আল্লাহ তা’আলা বলেছেনঃ আপনার উম্মাতেরা প্রশ্ন করতে থাকবে, এটা কী? আর এটা কিভাবে হল?। পরিশেষে এ ধরনের প্রশ্নও করে বসবে যে, যদি সমস্ত মাখলূক্বকে আল্লাহ সৃষ্টি করেন, তবে মহান আল্লাহ তা’আলাকে সৃষ্টি করেছেন কে?[2]

## English

Anas reported God’s messenger as saying, “Men will continue to question one another till they propound this:
‘God created everything, but who created God?’ ”

Bukhari transmitted it.

Muslim’s version is: He declared that God said, “Your people will continue to ask, ‘What is this?’ and ‘what is that?’ till they propound this: God created all things, but who created God?”

## ফুটনোট

[1] সহীহ : বুখারী ৭২৯৬, দ্রষ্টব্য হাদীস : ২৬৬৫।

[2] সহীহ : মুসলিম ১৩৬, সহীহ আল জামি‘ ৫২১৯, সহীহ আল জামি‘ ৪৩১৯।

## ব্যাখ্যা

ব্যাখ্যা: অবিনশ্বরকে নশ্বরের সাথে তুলনা করার ফলে এ প্রশ্ন জাগে যে, আল্লাহকে কে সৃষ্টি করেছে? নশ্বরের জন্য স্রষ্টার প্রয়োজন হয়। এর ধারাবাহিকতায় তাদের অন্তরে এ প্রশ্নের উদয় হয়। মহান আল্লাহ নশ্বর নন, তাই তাঁর কোন স্রষ্টা নেই। হাদীসে এ ইঙ্গিত রয়েছে অধিক প্রশ্ন নিন্দনীয়। কেননা তা হারামের দিকে ধাবিত করে। আর এটা সীমাহীন অজ্ঞতার কারণেই ঘটে থাকে।

এ হাদীসে কুদসীর উদ্দেশ হলো আল্লাহর পক্ষ থেকে নাবী সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম-কে সে বিষয়ে অবহিত করা যা তাঁর উম্মাতের মাঝে ঘটবে। যাতে তিনি (সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম) তাদেরকে সে বিষয়ে সতর্ক করেন।

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

---

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আনাস ইবনু মালিক (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=54634

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন